

জবিতে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ আহত ৩

জবি প্রতিনিধি

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের কর্মপক্ষে ৩ জন আহত হয়েছে। বৃহস্পতিবার সকাল থেকে দুপুর পর্যন্ত ক্যাম্পাসে কয়েক দফায় এ সংঘর্ষের ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের সেমিনার কক্ষে বসাকে কেন্দ্র করে ৯ম ব্যাচের শিক্ষার্থীদের সঙ্গে ৭ম ব্যাচের শিক্ষার্থীদের হাতাহাতির ঘটনা ঘটে। এর জের ধরে ছাত্রলীগের একটি গ্রুপের কর্মীরা শাহ আলম নামে অপর গ্রুপের এক কর্মীকে মারধর করে। এ খবর ছড়িয়ে পড়লে দুপুর ১২টার দিকে শাহ আলমের পক্ষ নিয়ে ছাত্রলীগের আরেকটি গ্রুপ বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে তরিকুল ও রাসেলকে

পিটিয়ে আহত করে। পরে দু'গ্রুপের কর্মীরা লাঠিপোটা নিয়ে ক্যাম্পাসে অবস্থান করতে চাইলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. নূর শোহাফ্মাদ পুলিশের সহায়তায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।